

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
প্রশাসন শাখা  
৫ কাওরানবাজার, ঢাকা-১২০৫  
www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.২০৮.২১.০০১.১৮.৫০

তারিখ: ১৪ পৌষ ১৪২৬

২৯ ডিসেম্বর ২০১৯

### অফিস আদেশ


বিআরডিবি'র কর্মকর্তা/কর্মচারীদের কার্যক্রম মূল্যায়নের জন্য বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃক সঠিকভাবে মূল্যায়নপূর্বক যথাসময়ে প্রশাসন শাখায় প্রেরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইতঃপূর্বে বিআরডিবি'র স্মারক নং ৪৭.৬২.০০০০.২০৮.০০.৪৩৬.০২.৯৪৭ তারিখঃ ২৮/০১/২০১৬ খ্রিঃ এবং স্মারক নং- ৪৭.৬২.০০০০.২০৮.০০.৪৩৬.০২.৭৯৬২ তারিখ-২০/১২/২০১৭ খ্রিঃ মূলে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে ২০১৯ সনের এসিআর যথাসময়ে প্রেরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হ'লঃ

০১. বিআরডিবি'র সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে আবশ্যিকভাবে ৩১ জানুয়ারি, ২০২০ এর মধ্যে স্বাস্থ্য পরীক্ষাসহ (প্রযোজ্য ক্ষেত্রে) এসিআর ফরম পূরণপূর্বক অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। অনুবেদনকারী কর্মকর্তা মূল্যায়নপূর্বক তা প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ২৮ ফেব্রুয়ারি, ২০২০ এর মধ্যে প্রেরণ করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা মূল্যায়নপূর্বক ৩১ মার্চ, ২০২০ এর মধ্যে প্রশাসন বিভাগের শৃঙ্খলা শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। প্রতিস্বাক্ষরবিহীন এসিআর সরাসরি বাতিলযোগ্য বলে গণ্য হবে।

০২. বিরূপ মন্তব্য প্রদানের ক্ষেত্রে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারীকে প্রথমে মৌখিক ও পরবর্তীতে লিখিত আদেশ প্রদান করতে হবে। উক্ত আদেশের পরেও সংশোধন না হলে বিরূপ মন্তব্য প্রদান করতে পারবে; তবে মন্তব্য সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট হতে হবে। বিরূপ মন্তব্য প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে এসিআর এর সাথে লিখিত আদেশ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, ১০ম থেকে ১২তম গ্রেডভুক্তদের ক্ষেত্রে 'গ' ও 'ঘ' এর ঘরে নম্বর প্রদান বিরূপ মন্তব্য হিসেবে গণ্য হবে; অন্যান্যদের ক্ষেত্রে শুধু 'ঘ' এর ঘরে নম্বর প্রদান বিরূপ মন্তব্য হিসেবে গণ্য হবে।

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) প্রেরণ নিশ্চিত করার জন্য বিআরডিবি'র সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হ'ল। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত এসিআর কোনভাবেই গ্রহণ করা হবে না; সরাসরি বাতিলযোগ্য বলে গণ্য হবে এবং দায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরি।



মোঃ হাসানুল ইসলাম, এনডিসি  
পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৮

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: dradmn@brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.২০৮.২১.০০১.১৮.৫০/১(১০৮)

তারিখ: ১৪ পৌষ ১৪২৬

২৯ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:

- ১) পরিচালক, বিআরডিটিআই, খাদিমনগর, সিলেট
- ২) যুগ্মপরিচালক (সকল),....., বিআরডিবি, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক (সকল), ....., বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
- ৪) উপপরিচালক (সকল), ....., বিআরডিবি, ঢাকা।
- ৫) উপপরিচালক, বিআরডিবি, ..... জেলা (সকল)।
- ৬) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৭) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৮) পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/প্রশিক্ষণ/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।



১৯-১২-২০ ১৯

মোহাম্মদ রফিকুল ইসলাম  
উপপরিচালক


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপপরিচালকের কার্যালয়  
হোল্ডিং নং-৩১৬-০০  
সোনাতলা বাগেরহাট।  
ddbagerhat@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০১০০.৮৬১.১৪.১৩৯.১৫-২২৪০

তারিখ : ৩১.১২.২০১৯ খ্রিঃ।

পত্রের মর্মানুযায়ী চাহিত তথ্য আগামী ১৫/০১/২০২০ খ্রিঃ মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

- ০১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী  
/কচুয়া/মোড়েলগঞ্জ/শরণখোলা/রামপাল/মোংলা, বাগেরহাট।
- ০২। অফিস নথি।



মোঃ নাসির উদ্দিন  
উপপরিচালক  
ফোন-০৪৬৮-৬২৫৭৯